

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জুন ২৭, ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৩ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ/২৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৮.২০৯—গত ১০ জুন ২০১৮ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত নারীদের সপ্তম এশিয়া কাপ টি-টুয়েন্টি ক্রিকেটের ফাইনালে শক্তিশালী প্রতিদ্বন্দ্বী ভারতকে তিন উইকেটে পরাজিত করে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করেছে এবং ক্রিকেটে বাংলাদেশের জন্য নারী ক্রিকেট দল হিসেবে প্রথম আন্তর্জাতিক শিরোপা এনে দিয়েছে। এ বিজয়ের মাধ্যমে বাংলাদেশের ক্রীড়া-ইতিহাসে সংযোজিত হল এক ঐতিহাসিক মাইলফলক।

২। বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের এই বিজয়ে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক অভিনন্দন জানিয়ে মন্ত্রিসভার ১১ আষাঢ় ১৪২৫/২৫ জুন ২০১৮ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গৃহীত হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত অভিনন্দন প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

(৭৬৪৩)

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার অভিনন্দন প্রস্তাব

১১ আষাঢ় ১৪২৫  
ঢাকা : ২৫ জুন ২০১৮

গত ১০ জুন ২০১৮ তারিখে মালয়েশিয়ার কুয়ালালামপুরে অনুষ্ঠিত নারীদের সপ্তম এশিয়া কাপ টি-টুয়েন্টি ক্রিকেটের ফাইনালে শক্তিশালী ভারতকে ৩ উইকেটে পরাজিত করে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল প্রথমবারের মত চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে ক্রিকেটে বাংলাদেশের জন্য প্রথম আন্তর্জাতিক শিরোপা এনে দিয়েছে। এ বিজয়ের মাধ্যমে বাংলাদেশের ক্রীড়া-ইতিহাসে যুক্ত হলো এক ঐতিহাসিক মাইলফলক। অসাধারণ ক্রীড়া-নৈপুণ্য ও দলীয় সংহতি দেখিয়ে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল নিজেদেরকে ক্রিকেটের নতুন পরাশক্তি হিসাবে ক্রীড়া জগতে প্রতিষ্ঠিত করেছে। একটি পরিপূর্ণ দল হিসাবে বাংলাদেশ নারী ক্রিকেট দল লীগ পর্যায়ে শক্তিশালী ভারত, পাকিস্তান, থাইল্যান্ড এবং স্বাগতিক মালয়েশিয়ার বিরুদ্ধে জয়ের মাধ্যমে প্রতিযোগিতার ফাইনালে উন্নীত হয় এবং সেখানে অনবদ্য ক্রীড়া-শৈলী দেখিয়ে প্রতিদ্বন্দ্বী ভারতকে পরাজিত করে। টুর্নামেন্টের ছয় বারের চ্যাম্পিয়ন ভারতের বিরুদ্ধে অর্জিত এ বিজয়ের মাধ্যমে বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দল দেশকে করেছে গৌরবদীপ্ত ও মহিমান্বিত।

মন্ত্রিসভা মনে করে যে এ বিজয় দেশে খেলাধুলার অব্যাহত উন্নয়নের মাধ্যমে নারীর ক্ষমতায়নে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকারের গৃহীত বিভিন্ন কর্মসূচির ফলপ্রসূতার পরিচায়ক। সপ্তম এশিয়া কাপ টি-টুয়েন্টি ক্রিকেটের চূড়ান্ত সাফল্য বাংলাদেশ নারী ক্রিকেট দলকে আরও আত্মবিশ্বাসী করে তুলবে এবং পরবর্তী সময়ে বৃহত্তর পরিসরে আরও ভাল ফলাফল বয়ে আনার অনুপ্রেরণা যোগাবে। এ ছাড়া এ জয় সামগ্রিকভাবে খেলাধুলার প্রতি নারীদের আগ্রহ বাড়িয়ে তুলবে যা ভবিষ্যতে তাদের জন্য খুলে দেবে সম্ভাবনার দ্বার।

মন্ত্রিসভা বাংলাদেশ জাতীয় নারী ক্রিকেট দলের এই বিজয়ে সকল খেলোয়াড়, কোচ, কর্মকর্তা ও বাংলাদেশ ক্রিকেট বোর্ডকে আন্তরিক অভিনন্দন জানাচ্ছে এবং নিরলস অনুশীলনের মাধ্যমে তাঁরা জয়ের এ ধারা আগামীতেও অব্যাহত রাখবেন মর্মে প্রত্যাশা ব্যক্ত করছে।